

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০২২

পর্ব-৭: সওম (রোযা) (১ হাণ্টা)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - মুসাফিরের সওম

بَابُ صَوْم الْمُسَافِرِ

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كُنَّا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي السَّفَرِ فَمِنَّا الصَّائِمُ وَمِنَّا الْمُفْطِرُ وَمَنْ الْمُفْطِرُونَ فَضَرَبُوا الْأَبْنِيةَ الْمُفْطِرُونَ فَضَرَبُوا الْأَبْنِيةَ وَسَقَوُا الرِّكَابَ. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «ذَهَبَ الْمُفْطِرُونَ الْيُوْمَ بِالْأَجْرِ» الْمُفْطِرُونَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:

বাংলা

২০২২-[8] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা (একবার) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে তাঁর সফরসঙ্গী ছিলাম। আমাদের কেউ সায়িম ছিলেন। আবার কেউ সওম রাখেননি। আমরা এক মঞ্জীলে পৌঁছলাম। এ সময় খুব রোদ ছিল। (রোদের প্রখরতায়) সায়িম ব্যক্তিগণ (মাটিতে) ঘুরে পড়ল। যারা সওমরত ছিল না, ঠিক রইল। তারা তাঁবু বানাল, উটকে পানি পান করাল। (এ দৃশ্য দেখে) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সওম না থাকা লোকজন আজ সাওয়াবের ময়দান জিতে নিলো। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ২৮৯০, মুসলিম ১১১৯, নাসায়ী ২২৮৩, ইবনু আবী শায়বাহ্ ৮৯৬১, ইবনু খুযায়মাহ্ ২০৩৩, সহীহ আত্ তারগীব ১০৬১, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮১৫৫, ইবনু হিববান ৩৫৫৯, সহীহ আল জামি' ৩৪৩৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে الْأَجْرِ বা "প্রতিদান দ্বারা উদ্দেশ্য হলো পরিপূর্ণ" এর দ্বারা সিয়াম পালন প্রতিদানকারীদের নেকীর স্বল্পতা হওয়া উদ্দেশ্য নয়। বরং এখানে উদ্দেশ্য হলো, নিশ্চয় সিয়াম পরিত্যাগ কারীগণ তাদের কাজের পূর্ণ নেকী



অর্জন করলেন। অর্থাৎ- তাঁবু খাটানোর জন্য তারা যে পরিশ্রম করেছেন তার পূর্ণ প্রতিদান তারা পাবেন এবং সিয়াম পালনকারীদের মতই তারাও পূর্ণ সাওয়াব পাবেন।

'আল্লামা কারী (রহঃ) বলেন, الْأَجْرِ বা প্রতিদান দ্বারা পূর্ণ সাওয়াব উদ্দেশ্য। কেননা তাদের ক্ষেত্রে, (যুদ্ধের সফরের ক্ষেত্রে) সিয়াম পালনের তুলনায় তা পরিত্যাগ করাই অধিক উত্তম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন